

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০৯১

২৭/ আদব

পরিচ্ছেদঃ পানাহারের আদব-কায়দা

আরবী

وَعَن أَبِيْ أُمَامَة أَنَّ النَّبِيَّ ﷺ كَانَ إِذَا رَفَعَ مَائِدَتَهُ، قَالَ الْحَمْدُ للهِ حَمداً كَثِيراً طَيِّباً مُبَارِكاً فِيهِ، غَيْرَ مَكْفِيٍّ وَلاَ مُودَّعٍ وَلاَ مُسْتَغْنَىً عَنْهُ رَبَّنَا رواه البخاري

বাংলা

(৩০৯১) আবূ উমামাহ (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন দস্তরখানা গুটাতেন, তখন এই দু'আ পড়তেন, ''আলহামদু লিল্লা-হি হামদান কাসীরান ত্বাইয়্যিবাম মুবা-রাকান ফীহি গায়রা মাকফিইয়্যিন অলা মুওয়াদ্দাইন অলা মুস্তাগনান আনহু রাব্বানা।'' অর্থাৎ, আল্লাহর জন্য অগণিত পবিত্র ও বরকতপূর্ণ প্রশংসা। অকুষ্ঠ, নিরবচ্ছিন্ন, প্রয়োজন-সাপেক্ষ প্রশংসা। হে আমাদের প্রভূ!

ফুটনোট

(বুখারী ৫৪৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন